পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

**OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS**
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4079
Fax : 88-02-9667222
E-mail : examcontrollera7c@du.ac.bd

মেমো নংঃ- ১০১৩/শা-২(ক)/প.

তারিখ ঃ ২০ ভাদ্র ১৪২৬ / ০৪ সেপ্টেম্বর ২০১৯

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, মহাখালী, ঢাকা।

## ২০১৫ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পুরাতন সিলেবাস (পত্রকোড ৩ সংখ্যা) বিশেষ পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অক্টোবর ২০১৯ সনে অনুষ্ঠিতব্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি সাত কলেজের ২০১৫ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স (পুরাতন সিলেবাস) **বিশেষ** পরীক্ষার ফরমপূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের ডাটা এন্ট্রি ও আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো ঃ

| ক্রমিক নং | বিবরণ | নির্ধারিত ফিস | পরীক্ষার্থী কর্তৃক ফরম পূরণ শুরু ও জমাদানের শেষ তারিখ | ব্যাংক ড্রাফটের তারিখ | বিবরণী ফরম, সফটকপি ও অন্যান্য কাগজপত্র জমাদানের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|
| ১ | ৩য় বর্ষ অনিয়মিত | ১৩০০/- + ব্যবহারিক ফিস প্রতি বিষয়ে ১৫০/- হারে বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ০৫/০৯/২০১৯ থেকে ১৮/০৯/২০১৯ | ২২/০৯/২০১৯ | ২৪/০৯/২০১৯ |
| | মানোন্নয়ন (১ম, ২য় ও ৩য় বর্ষ) | ৩০০/- + মাঃ উঃ প্রতি পত্র ১০০/- হারে এবং ব্যবহারিক ফিস প্রতি বিষয়ে ১৫০/- বিশ্ববিদ্যালয়ে জমা হবে | | | |
| | ৩য় বর্ষে - অকৃতকার্য (এক বা একাধিক পত্র) অথবা বিভাগ উন্নয়ন | ৩০০/- + প্রতি পত্রে ১০০/- বিশ্ববিদ্যালয়ে জমা হবে | | | |
| ২ | কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) | ৭৫০/- ( ১। কলেজের অংশ-৩০০/- ২। কেন্দ্রের অংশ-৪৫০/-) | | | |
| ৩ | ব্যবহারিক কেন্দ্র ফিস (প্রতি বিষয়ে) | ১০০/- কলেজে জমা হবে | | | |

**বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের মধ্যে পরীক্ষার ফরমপূরণের জন্য জরুরী ভিত্তিতে শিক্ষার্থীদের অবহিত করতে হবে। ফরমপূরণের নির্ধারিত সময়ের পর ফরমপূরণের কোন প্রকার সুযোগ থাকবে না।**

৩। আবেদন ফরম সংগ্রহ ঃ

ডিগ্রী (পাস) ৩য় বর্ষ **বিশেষ** পরীক্ষার আবেদন ফরম কলেজ কর্তৃপক্ষের নিকট থেকে সংগ্রহ করে পরীক্ষার্থী স্বহস্তে ফরম পূরণ করবেন। পরীক্ষার্থী আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি আঠা দিয়ে লাগিয়ে এবং ০১ (এক) কপি ছবি ফরমের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। পরীক্ষার্থী নিজে আবেদন ফরমপূরণ করার পর নির্ধারিত ফি-সহ স্ব-স্ব বিভাগ/অফিসে জমা দিবে।

৪। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ

২০১৫ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স (পুরাতন সিলেবাস) পরীক্ষায় যে সকল শিক্ষার্থীরা এক বা একাধিক বিষয়ে (১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ পত্র) অকৃতকার্য হয়েছে শুধুমাত্র তারাই এই **বিশেষ** পরীক্ষায়

অংশগ্রহণ করতে পারবে। ২০১৫ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স (পুরাতন সিলেবাস) ৩য় বর্ষ **বিশেষ** পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রণীত পুরাতন সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৫। **পরীক্ষার্থীদের জন্য করনীয় ঃ**

পরীক্ষার্থীগণ আবেদন ফরম সংগ্রহ করার পর স্বহস্তে পূরণ করে নির্ধারিত ফি-সহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয়কোড সঠিকভাবে এন্ট্রি করা হয়েছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে। আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লিখিত বিষয় কোড (ব্যবহারিকসহ) লিখতে হবে। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে কোড লিখতে ভুল হলে তা পুনরায় সঠিকভাবে লিখতে হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত ডিগ্রীর পত্রকোড ছাড়া অন্য কোন পত্র কোডের ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৬। **কলেজের জন্য করণীয় ঃ**

যে সকল পরীক্ষার্থী ২০১৫ সনের ডিগ্রী পাস ৩য় বর্ষ বিশেষ পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য তাদের রেজিস্ট্রেশন ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে স্ব স্ব কলেজের নিজস্ব ই-মেইলে প্রেরণ করা হবে। ফরম পূরণের যোগ্যতা আছে কিন্তু প্রেরিত ডাটাবেজে যাদের নাম নেই এমন শিক্ষার্থী থাকলে সেক্ষেত্রে তাদের রেজাল্ট কপি ও রেজিস্ট্রেশনের মেয়াদ যাচাইপূর্বক ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত এক্সেল ফরমেটে নির্ভুলভাবে পরীক্ষার্থীদের ডাটা নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। এছাড়াও পরীক্ষার ফরমপূরণকৃত বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি নির্ধারিত তারিখে জমা দিতে হবে ও ফটোকপি কলেজে সংরক্ষণ করবে এবং সফ্টকপি examcontrollera7c@du.ac.bd -এ ই-মেইলে প্রেরণ করতে হবে।

৮। **ফি জমাদানের পদ্ধতি ঃ**

২০১৫ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ বিশেষ পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "DU-Affiliated Colleges" শিরোনামে হিসাব নং:- ৪৪০৫৭০৩০০০০৬৬ এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর সাথে Money Statement অবশ্যই সংযুক্ত করে দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় A/C Payee হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা নগদ টাকা বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে এবং কলেজ কর্তৃপক্ষের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে প্রদান করবে।

(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালদয়
Email: examcontrollera7c@du.ac.bd